# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৫

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

**গত ২৪ জুলাই ২০১৮ তারিখে 'দি ডেইলি স্টার' পত্রিকায় কাট্টালি টেক্সটাইল লিমিটেড এর আইপিও নিয়ে প্রকাশিত প্রতিবেদন প্রসংঙ্গে।**

Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 অনুযায়ী যে কোন কোম্পানীর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) আবেদনের ৯০ দিনের মধ্যে স্টক এক্সচেঞ্জের চূড়ান্ত সুপারিশ কমিশনের নিকট দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে। স্টক এক্সচেঞ্জসমূহ উক্ত সময়ের মধ্যে তাদের চুড়ান্ত সুপারিশ দাখিল করে থাকে। পরবর্তিতে বিএসইসি, স্টক এক্সচেঞ্জসমূহের সুপারিশে উল্লেখিত আপত্তিসহ অন্যান্য তথ্যের ঘাটতি থাকলে অধিকতর বিস্তারিত পর্যবেক্ষণসহ সামগ্রিক ঘাটতি পূরণকল্পে প্রমাণক দাখিলের জন্য সংশ্লিষ্ট আবেদনকারী কোম্পানীকে ঘাটতি পত্র (deficiency letter) ইস্যু করে থাকে। অতঃপর আবেদনকারী কোম্পানীর তথ্য ও কাগজপত্রের যথাযথ ঘাটতি পূরণ ও যাচাই সম্পন্ন হলেই কমিশন কোন আবেদনকারী কোম্পানীকে প্রাথমিক গণ প্রস্তাবের (IPO) অনুমোদন প্রদান করে থাকে।

উল্লেখ্য, যে সব তথ্য বা দলিল ঘাটতির কারণে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, কাট্টালি টেক্সটাইল লিমিটেড এর প্রাথমিক গণ প্রস্তাবের বিপক্ষে গত ২৫ মার্চ ২০১৮ তারিখে সুপারিশ প্রদান করেছিল তা পরবর্তীতে কোম্পানী কর্তৃক দাখিলকৃত প্রমাণক ও কাগজপত্রের ভিত্তিতে পূরণ হয় এবং কমিশন সন্তুষ্ট হয়ে ২৬ জুন ২০১৮ তারিখে উক্ত প্রাথমিক গণ প্রস্তাবের (IPO) অনুমোদন প্রদান করে। আরো উল্লেখ্য যে, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, কাট্টালি টেক্সটাইল লিমিটেড এর প্রাথমিক গণ প্রস্তাবের পক্ষে চূড়ান্ত সুপারিশ প্রদান করে।

সুতরাং, কাট্টালি টেক্সটাইল লিমিটেড এর প্রাথমিক গণ প্রস্তাব নিয়ে The Daily Star পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন যথাযথ তথ্যভিত্তিক নয়।

29/07/2018

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd